

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.mopme.gov.bd

স্মারক নং-প্রাগম/তঃশৃঃ/বিমা-২৭/২০১৫/ ৩১৪

২৯ মাঘ ১৪২২
তারিখঃ ২১ ফেব্রুয়ারি ২০১৬

প্রজ্ঞাপন


যেহেতু, জনাব মাহবুব জামান, উপজেলা শিক্ষা অফিসার, ধনবাড়ি, টাঙ্গাইল (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, শ্রীবরদী, শেরপুর)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) ও ৩(বি) মোতাবেক অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্যের সাথে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী সহ প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পরীক্ষা নিরীক্ষা করে এবং পারিপার্শ্বিক পরিস্থিতি বিবেচনা করে তার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগের ধরন অনুযায়ী তাকে গুরুদণ্ডের পরিবর্তে লঘুদণ্ড প্রদান করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মাহবুব জামান, উপজেলা শিক্ষা অফিসার, ধনবাড়ি, টাঙ্গাইল (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, শ্রীবরদী, শেরপুর)-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(এ) মোতাবেক "তিরস্কার (Censure)" লঘুদণ্ড প্রদান করা হ'ল।


২। জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ হুমায়ুন খালিদ)
সচিব
২৯ মাঘ ১৪২২
তারিখঃ ২১ ফেব্রুয়ারি ২০১৬

স্মারক নং-প্রাগম/তঃশৃঃ/বিমা-২৭/২০১৫/ ৩১৪

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।)
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, টাঙ্গাইল/শেরপুর।
- ৭। জনাব মাহবুব জামান, উপজেলা শিক্ষা অফিসার, ধনবাড়ি, টাঙ্গাইল।
- ৮। অফিস কপি।


২১/০২/২০১৬
(মোঃ আজিজুল ইসলাম)
উপ-সচিব (তঃশৃঃ)
ফোন-৯৫৭৬৬৯১